**আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ**
**বাংলাদেশ ব্যাংক**
**প্রধান কার্যালয়**
**ঢাকা।**
***Website: www.bb.org.bd***

**ডিএফআইএম সার্কুলার লেটার নং-২৮**

**তারিখঃ ২৭ অগ্রহায়ণ ১৪৩০**
**১২ ডিসেম্বর ২০২৩**

**ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা**
**বাংলাদেশে কার্যরত সকল ফাইন্যান্স কোম্পানি।**

**প্রিয় মহোদয়,**

**জাতীয় সংসদ নির্বাচন অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষভাবে সম্পন্ন করার লক্ষ্যে**
**নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১ এর বিধান অনুসরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ০৩ ডিসেম্বর ২০২৩ তারিখের স্মারক নম্বরঃ ৫৩.০০.০০০০.২১১.৯৯.০০২.২১.১২৬৬ (কপি সংযুক্ত) এবং তদ্‌সংযুক্ত মন্ত্রিপরিষদ বিভাগের ২২ নভেম্বর ২০২৩ তারিখের স্মারক নম্বরঃ ০৪.০০.০০০০.৫১৩.৫৩.১১০.২৩.৩৬৪ (কপি সংযুক্ত) এর প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক উক্ত স্মারকসমূহে বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণের জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো।

ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এর ৪১(২)(ঘ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

**(মোঃ আসাদুজ্জামান খান)**
পরিচালক (ডিএফআইএম)
ফোনঃ ৯৫৩০১৭৮।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
প্রশাসন শাখা
www.fid.gov.bd

সর্বোচ্চ অগ্রাধিকার

স্মারক নম্বর: ৫৩.০০.০০০০.২১১.৯৯.০০২.২১.১২৬৬

তারিখ: ১৮ অগ্রহায়ণ ১৪৩০
০৩ ডিসেম্বর ২০২৩

বিষয়: **জাতীয় সংসদ নির্বাচন অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষভাবে সম্পন্ন করার লক্ষ্যে নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১ এর বিধান অনুসরণ।**

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং ৫১৩.৫৩.১১০.২৩.৩৬৪ তারিখ ২২ নভেম্বর ২০২৩।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ নির্বাচন কমিশন আগামী ০৭ জানুয়ারি ২০২৪ তারিখে অনুষ্ঠিতব্য দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন পরিচালনা ও সম্পাদনের দায়িত্বে নিয়োজিত সকল কর্মকর্তা/কর্মচারীকে সততা, নিষ্ঠা ও নিরপেক্ষতার সাথে নির্বাচনি দায়িত্ব পালন করতে এবং উক্ত দায়িত্ব পালনে কোনরূপ শৈথিল্য প্রদর্শন না করার বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেছে।

এমতাবস্থায়, তাঁর দপ্তর/সংস্থার নির্বাচন পরিচালনা ও সম্পাদনের দায়িত্বে নিয়োজিত সকল কর্মকর্তাকে সংশ্লিষ্ট আইনের বিধান সম্পর্কে সজাগ থেকে অর্পিত নির্বাচনি দায়িত্ব সততা, নিষ্ঠা ও নিরপেক্ষতার সাথে যথাযথভাবে পরিপালনের জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের পত্রটি নির্দেশক্রমে এতদ্সংগে অগ্রায়ন করা হলো।

সংযুক্তিঃ মন্ত্রিপরিষদ বিভাগের পত্র ০২ (দুই) পাতা।

৩-১২-২০২৩
এ বি এম রওশন কবীর
উপসচিব
ফোন: ০২-৫৫১০০৮৬৩
ইমেইল: ds.admin@fid.gov.bd

বিতরণ :
১) গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।
২) চেয়ারম্যান, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ই-৬/সি, আগারগাঁও, ঢাকা।
৩) চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ৩৭, দিলকুশা, বা/এ, ঢাকা।
৪) এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি, বড় মগবাজার, রমনা, ঢাকা।
৫) ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, সোনালী/জনতা/অগ্রণী ব্যাংক পিএলসি/রূপালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।

৬) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ কৃষি ব্যাংক/বিডিবিএল/বেসিক ব্যাংক লিমিটেড/কর্মসংস্থান ব্যাংক/প্রবাসী কল্যাণ ব্যাংক/আইসিবি/বিএইচবিএফসি/আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক/পল্লী সঞ্চয় ব্যাংক/গ্রামীণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা/ রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, রাজশাহী।

৭) ব্যবস্থাপনা পরিচালক, জীবন বীমা কর্পোরেশন/সাধারণ বীমা কর্পোরেশন, প্রধান কার্যালয়, ঢাকা।

৮) ব্যবস্থাপনা পরিচালক, পিকেএসএফ/বিএমডিএফ/এসডিএফ/দি সিকিউরিটি প্রিন্টিং কর্পো.(বাংলাদেশ)/বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন/ইউবিকো/সাবিনকো, প্রধান কার্যালয়, ঢাকা।

৯) পরিচালক, বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমী/নির্বাহী প্রেসিডেন্ট, বিআইসিএম, প্রধান কার্যালয়, ঢাকা।

স্মারক নম্বর: ৫৩.০০.০০০০.২১১.৯৯.০০২.২১.১২৬৬/১(৩)

তারিখ: ১৮ অগ্রহায়ণ ১৪৩০<br>০৩ ডিসেম্বর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিবের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২) অতিরিক্ত সচিব (প্রশাসন)-এঁর ব্যক্তিগত কর্মকর্তা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৩) যুগ্মসচিব (প্রশাসন)-এঁর ব্যক্তিগত কর্মকর্তা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৩-১২-২০২৩

এ বি এম রওশন কবীর

উপসচিব

নির্বাচন অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংস্থাপন অধিশাখা
www.cabinet.gov.bd.

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৩.৫৩.১১০.২৩.৩৬৪

তারিখ: ০৭ অগ্রহায়ণ ১৪৩০ / ২২ নভেম্বর ২০২৩

**বিষয়: জাতীয় সংসদ নির্বাচন অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষভাবে সম্পন্ন করার লক্ষ্যে নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১ এর বিধান অনুসরণ।**

সূত্র: বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়ের আধাসরকারি পত্র নম্বর: ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৯.২৩-৭৩৪ তারিখ: ১৯.১১.২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ নির্বাচন কমিশন আগামী ০৭ জানুয়ারি ২০২৪ তারিখে অনুষ্ঠিতব্য দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন পরিচালনা ও সম্পাদনের দায়িত্বে নিয়োজিত সকল কর্মকর্তা, কর্মচারীকে সততা, নিষ্ঠা ও নিরপেক্ষতার সাথে নির্বাচনি দায়িত্ব পালন করতে এবং উক্ত দায়িত্ব পালনে কোনরূপ শৈথিল্য প্রদর্শন না করার বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেছে।

২। উক্ত নির্বাচন পরিচালনার জন্য ইতোমধ্যে ৬৬ জন রিটার্নিং অফিসার এবং ৫৯২ জন সহকারী রিটার্নিং অফিসার নিয়োগ করা হয়েছে। নির্বাচন সংক্রান্ত কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য সকল মন্ত্রণালয়/বিভাগ তথা সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, আধাস্বায়ত্তশাসিত অফিস/প্রতিষ্ঠানের কর্মকর্তা ও কর্মচারীদের মধ্য হতে এবং কোন কোন ক্ষেত্রে বেসরকারি অফিস/প্রতিষ্ঠানের শিক্ষকগণের মধ্য হতে উল্লেখযোগ্য সংখ্যক শিক্ষককে ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগ ছাড়াও নির্বাচনে বিভিন্ন দায়িত্ব প্রদান করা হবে। নির্বাচনে আইনশৃঙ্খলা রক্ষার জন্য প্রয়োজনীয় সংখ্যক ম্যাজিস্ট্রেট ও আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য মোতায়েন করা হবে। এ প্রসঙ্গে নির্বাচন কর্মকর্তাদের শৃঙ্খলা ও নিয়ন্ত্রণের জন্য নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১ এর বিধানাবলির প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উক্ত আইনের ৪ ধারায় নির্বাচন কর্মকর্তার চাকুরী এবং ৫ ধারায় শৃঙ্খলামূলক বিধানাবলি বিধৃত রয়েছে।

৩। নির্বাচন সংক্রান্ত কোন দায়িত্ব সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী ও শিক্ষক বা যে কোন ব্যক্তি নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১ এর ২(ঘ) ধারায় বর্ণিত সংজ্ঞা অনুযায়ী নির্বাচন কর্মকর্তা হিসেবে গণ্য হবেন এবং তিনি উক্ত দায়িত্ব পালনের জন্য নির্বাচন কমিশনের নিকট দায়ী থাকবেন। এরূপ দায়িত্ব ও কর্তব্যে নিযুক্তির জন্য নির্বাচন কর্মকর্তা হিসেবে কোন আনুষ্ঠানিক নিয়োগপত্র নাও থাকতে পারে। নির্বাচন সংক্রান্ত কোন দায়িত্ব পালনে অনীহা, অসহযোগিতা, শৈথিল্য, ভুল তথ্য প্রদান ইত্যাদির জন্য অসদাচরণের অভিযোগে সংশ্লিষ্ট নির্বাচন কর্মকর্তাকে অভিযুক্ত করা যাবে এবং শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

বর্ণিত অবস্থার আলোকে সকল মন্ত্রণালয়/বিভাগ তথা সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত, আধাস্বায়ত্তশাসিত ও বেসরকারি অফিস/প্রতিষ্ঠান/সংস্থার কর্মকর্তা/কর্মচারী/শিক্ষকগণকে সংশ্লিষ্ট আইনের বিধান সম্পর্কে সজাগ থেকে অর্পিত নির্বাচনি দায়িত্ব সততা, নিষ্ঠা ও নিরপেক্ষতার সাথে যথাযথভাবে পালনের জন্য অনুরোধ করা হল।

স্বাক্ষরিত
২২.১১.২০২৩
(মোঃ মাহবুব হোসেন)
মন্ত্রিপরিষদ সচিব

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। সিনিয়র সচিব/সচিব.....................................................মন্ত্রণালয়/ বিভাগ
০২। মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, ঢাকা
০৩। মহাপরিচালক, বিজিবি/কোস্ট গার্ড/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা

০৪। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম ও রিটার্নিং অফিসার
০৫। বিভাগীয় কমিশনার, খুলনা/বরিশাল/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/সিলেট
০৬। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা
০৭। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা
০৮। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর/ কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা
০৯। পুলিশ কমিশনার, মেট্রোপলিটন পুলিশ......... (সকল)
১০। উপমহাপুলিশ পরিদর্শক............... (সকল)
১১। জেলা প্রশাসক.......... (সকল) ও রিটার্নিং অফিসার
১২। পুলিশ সুপার, ...........(সকল)
১৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, .......(সকল)
১৪। সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার........ (সকল)
১৫। জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, ..........(সকল)
১৬। উপজেলা নির্বাহী অফিসার,........ (সকল) ও সহকারী রিটার্নিং অফিসার
১৭। উপজেলা/থানা নির্বাচন অফিসার ........(সকল)
১৮। সিস্টেম এ্যানালিস্ট, আইসিটি সেল, মন্ত্রিপরিষদ বিভাগ (মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৩.৫৩.১১০.২৩.৩৬৪

তারিখ: ০৭ অগ্রহায়ণ ১৪৩০ / ২২ নভেম্বর ২০২৩

<u>অনুলিপি (সদয় অবগতির জন্য):</u>

০১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৩। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
০৪। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।

২২/১১/২০২৩
(মোঃ জিয়াউল হক)
যুগ্মসচিব
ফোন: ০২৫৫১০০৮৯৬
email: gfa_branch@cabinet.gov.bd